

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.imed.gov.bd

পরিদর্শন প্রতিবেদন (চলতি প্রকল্প)

পরিদর্শনের তারিখ: ২৪ জানুয়ারি, ২০১৬।

১. প্রকল্পের/অপারেশনাল প্লানের নামঃ “Maternal, Child, Reproductive & Adolescent Health (MCRAH).”
২. মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাঃ পরিবার পরিকল্পনা অধিদপ্তর।
সেক্টর কর্মসূচীর নামঃ স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচী (HPNSDP)
উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

৩. অপারেশন প্লানের পটভূমি ও উদ্দেশ্যঃ

৩.১ পটভূমিঃ

নিরাপদ মাতৃত্ব ও জীবিত নবজাতক এবং শিশু স্বাস্থ্য সেবা সরাসরি জনসংখ্যা বৃদ্ধির সাথে সম্পর্কিত। পরিবার থেকে নিরাপদ মাতৃত্ব ও জীবিত নবজাতকের সেবার নিশ্চয়তা পাওয়া গেলে জন্ম নিয়ন্ত্রণ সম্ভবপর হবে। এ বিবেচনা থেকে পরিবার পরিকল্পনা অধিদপ্তর ১৯৭৫ সাল থেকে মাতৃ ও শিশু স্বাস্থ্য কেন্দ্রিক পরিবার পরিকল্পনা কার্যক্রম গ্রহণ করেছে। মাতৃ ও শিশু মৃত্যু হার হ্রাসকরণের লক্ষ্যে একই কেন্দ্র হতে মাতৃ স্বাস্থ্য এবং পরিবার পরিকল্পনা সেবা প্রদান কর্মসূচী প্রণয়ন করা হয়েছে। পরবর্তীতে ইউনিয়ন পর্যায়ে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র হতে কার্যক্রম পরিচালনার জন্য “Strengthening of MCH Service” প্রকল্প গ্রহণ করা হয়। সেবা কেন্দ্র হতে মূল সেবা প্রদানকারী হিসেবে পরিবার কল্যাণ পরিদর্শিকা মুখ্য ভূমিকা পালন করে থাকে। MCH কর্মসূচীর মাধ্যমে গর্ভবতী মহিলাদের নিরাপত্তা প্রদানের পাশাপাশি স্বল্প ও দীর্ঘমেয়াদি জন্মবিরতিকরণ পদ্ধতি গ্রহণে প্রণোদিত করা হয়। কমিউনিটি পর্যায়ে উক্ত সেবা বিকেন্দ্রিকরণের নিমিত্ত পরিবার কল্যাণ পরিদর্শিকা কর্তৃক স্যাটেলাইট ক্লিনিক পরিচালনা করা হয়ে থাকে। বর্তমানে দেশে ৩৮২৭টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র পরিচালিত হচ্ছে এবং প্রতি মাসে ৩০০০০ স্যাটেলাইট ক্লিনিক আয়োজন করা হচ্ছে। মাতৃ ও শিশু স্বাস্থ্য সেবা কার্যক্রম গতিশীল করার লক্ষ্যে সেবা গ্রহীতার দোরগোড়ায় পৌঁছানো এবং কমিউনিটি পর্যায়ে নিয়ে যাওয়ার কৌশল গ্রহণ করা হয়। HPSP এর পূর্বে “Traditional Birth Attendants (TBA) Training Project” এবং “Community Participation in National FP-MCH (Depo-holder) Project” শীর্ষক দুটি প্রকল্প গ্রহণ করা হয়। প্রথাগত দাত্রীগণের আচরণগত পরিবর্তন, দক্ষতা ও অনুশীলনের উন্নয়নের মাধ্যমে গ্রামীণ এলাকায় নিরাপদ শিশু জন্ম সেবা প্রদান করাই ছিল TBA প্রকল্পের উদ্দেশ্য। অন্যদিকে কাছাকাছি সেবাকেন্দ্রে/মাঠকর্মীর নিকট মাতৃ ও শিশু স্বাস্থ্য সেবা গ্রহীতাকে প্রেরণে উৎসাহদানের লক্ষ্যে “Female Volunteers” তৈরী করা ছিল “Community Participation in National FP-MCH (Depo-holder) Project” শীর্ষক প্রকল্পের উদ্দেশ্য।

১৯৯৮ সালে HPSP শুরু হওয়ার পর থেকে অপারেশনাল প্লানের আওতায় ১৯৯৮-২০০৩ সময়ে কেবলমাত্র সংশ্লিষ্ট প্রকল্পের কার্যক্রম পরিচালনা হয়ে আসছে। উল্লিখিত ০৩টি প্রকল্পের আওতায় এর জনবলের মাধ্যমে ব্যাপকভাবে প্রজনন স্বাস্থ্য সেবা কার্যক্রম পরিচালিত হয়। উক্ত সময়ে প্রজনন স্বাস্থ্য সেবা সংক্রান্ত ০৩টি কর্মসূচী-“Maternal Health Service”, “Maternal Nutrition and Adolescent Health Services” এবং “Support Services and Coordination” পরিচালিত হয়। HPSP সময়ে উপজেলা পর্যায়ে মা ও শিশু কল্যাণ কেন্দ্রে প্রজনন ও প্রসূতি সেবা প্রদানের নিমিত্ত Emergency Obstetric Care (EOC) সেবা কার্যক্রম পরিচালনা করা হয়। বর্তমানে ১০-২০ বেডের ৭০টি মা ও শিশু কল্যাণ কেন্দ্রে প্রশিক্ষিত ডাক্তার ও পরিবার কল্যাণ পরিদর্শিকা দ্বারা সপ্তাহে ০৭দিন ২৪ ঘন্টা Comprehensive EOC সেবা প্রদান করা হচ্ছে। এ সেক্টরে সেবা প্রদানকারীদেরকে উন্নয়ন খাত হতে রাজস্ব খাতে স্থানান্তরের মাধ্যমে সেবা প্রদানে আমূল পরিবর্তন আনা হয়েছে। ইতোপূর্বে ৮০% এর বেশি ডেলিভারী অদক্ষ ব্যক্তির মাধ্যমে বাড়ীতে সম্পন্ন করার কারণে উচ্চ মাতৃ মৃত্যু হার পরিলক্ষিত হতো। এ পর্যবেক্ষণের প্রেক্ষিতে HN:SP সেক্টর উন্নয়ন কর্মসূচীতে মহিলা স্বাস্থ্য সহকারী ও পরিবার কল্যাণ সহকারীদেরকে গৃহ পর্যায়ে দক্ষ প্রসূতি সেবা প্রদানের বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয় এবং ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে দক্ষ সেবা প্রদানের নিমিত্ত পরিবার কল্যাণ



পরিদর্শকাদেবকে প্রসূতি সেবা বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। বর্তমানে গৃহ পর্যায়ে এবং সেবা কেন্দ্রে নিরাপদ প্রসূতি সেবাদানে ১৪৪১টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র আপগ্রেডেড করা হয়েছে এবং ১৪৯৪জন পরিবার কল্যাণ পরিদর্শিকা ও ৬৪০২ জন দক্ষ দাত্রীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। বর্তমানে ঢাকার আজিমপুরস্থ MCHTI, মোহাম্মদপুরস্থ MFSTC, রাজশাহীস্থ MCH unit of FWVTI এবং উপজেলা পর্যায়ে ৭০টি মা ও শিশু কল্যাণ কেন্দ্র Emergency Obstetric Care (EOC) সেবা প্রদান করা হচ্ছে। কার্যকর সেবা প্রদানের নিমিত্ত জেলা/উপজেলা পর্যায়ে সাথে সংযোগ স্থাপন করা হবে। সরকারের নির্ধারিত সকল শ্রেণীর জনসংখ্যাকে স্বাস্থ্য সেবার আওতায় আনার লক্ষ্যে প্রয়োজনীয় জেলা ও উপজেলা পর্যায়ে স্বাস্থ্য সেবা কেন্দ্রের সঠিক ব্যবহার হচ্ছে না। অর্থাৎ স্বাস্থ্য সেবা খাতের দক্ষতা ও গুণগত মান নিশ্চিত করা হচ্ছে না। সেবা প্রদানের ক্ষেত্রে উদ্যোগ গ্রহণ করা হলেও সেবাগ্রহণকারীরা তা উপলব্ধি করতে না পারার কারনেও সকল প্রচেষ্টা ব্যাহত হচ্ছে। পূর্বের বাস্তবায়িত সেক্টর উন্নয়ন কর্মসূচীর প্রতিবন্ধকতাসমূহ চিহ্নিত করে প্রশিক্ষণ ও প্রয়োজনীয় জনবলের অভাব নির্ধারণ করা হয়েছে। এ সকল প্রতিবন্ধকতা প্রতিহত করে ভিশন-২০২১ এর আলোকে MDGs এর ৪ ও ৫ নং Goals & Target অর্জনের নিমিত্ত আলোচ্য অপারেশনাল প্ল্যানটি প্রণয়ন করা হয়েছে। অপারেশন প্ল্যানটি বাস্তবায়নের মাধ্যমে চলমান সেবা কার্যক্রমের ঠেকসই উন্নয়ন এবং সরবরাহ ও সেবা খাতের বিস্তারের পাশাপাশি সেবা গ্রহীতা ও সেবা কেন্দ্রের মধ্যে সামাজ্যতা সাধনের নিমিত্ত কমিনিউটির চাহিদা বিবেচনায় সেবা প্রদান কার্যক্রম পরিচালনার উদ্দেশ্য অর্জনের প্রচেষ্টা গ্রহণ করা হয়েছে।

৩.২ অপারেশন প্ল্যান এর মূল উদ্দেশ্যঃ

ভিশন-২০২১ এর আলোকে MDGs এর ৪ ও ৫ নং Goals অর্জনের নিমিত্ত দক্ষ সেবা প্রদানকারীর মাধ্যমে সুযোগ সুবিধা নিশ্চিত করে শিশু স্বাস্থ্য, মাতৃত্বকালীন স্বাস্থ্য সেবা প্রদান করা।

Specific উদ্দেশ্যঃ

- বাড়ীতে এবং স্বাস্থ্য কেন্দ্রে নিরাপদ প্রসূতি সেবা নিশ্চিত করা।
- কিশোর ও কিশোরীদের স্বাস্থ্য সেবা নিশ্চিত করা।
- জনগণকে পুষ্টিগুণ বিবেচনায় স্বাস্থ্য সেবা প্রদান নিশ্চিতকরণ।
- MR, PAC, VIA & CBE, Fertility Care সেবা প্রদান করা।
- গুণগত মানসম্পন্ন স্বাস্থ্য সেবা নিশ্চিতকরণে সেবা প্রদানকারীদেরকে প্রশিক্ষণ প্রদান করা।
- সমাজে এবং স্বাস্থ্য সেবা কেন্দ্রে সেবা প্রদানের সহায়ক উপকরণ সরবরাহ করা।
- সেবা কেন্দ্রসমূহের ছোট খাট মেরামত ও রক্ষণাবেক্ষণ করা।
- কর্মসূচীতে সর্বোত্তম পন্থার উদ্ভাবন করা।
- মানসম্পন্ন স্বাস্থ্য সেবা প্রদানে কর্মসূচীর কার্যক্রমের পরিবীক্ষণ ও তত্ত্বাবধান করা।

৪. প্রকল্প এলাকাঃ সমগ্র বাংলাদেশ।

৫. বাস্তবায়নকালঃ
(ক) মূলঃ জুলাই ২০১১ হতে জুন ২০১৬

৬. প্রাক্কলিত ব্যয়ঃ

বিবরণ	মোট	টাকা	প্রকল্প সাহায্য	(লক্ষ টাকা) আরপিএ
(ক) মূল অনুমোদিতঃ	৮৭৯০৪.০০	২০০১৫.০০	৬৭৮৮৯.০০	৩৮৩৯৮.০০

৭. প্রকল্প সাহায্য সংক্রান্ত তথ্যঃ

- (ক) দাতা দেশ/ সংস্থার নামঃ Pool, JICA, NUFPA, DFID, WHO & EC
- (খ) প্রকল্প সাহায্যের পরিমাণঃ ৬৭৮৮৯.০০ লক্ষ টাকা।
(দাতার কারেপিতে)
- (গ) সাহায্যের ধরণঃ ঋণ
(অনুদান/ঋণ/সরবরাহ ঋণ)

৮. প্রকল্পের অনুমোদন অবস্থাঃ

স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচীর পিআইপি গত ২৩.০৮.২০১১ তারিখে একনেক কর্তৃক এবং অপারেশনাল প্ল্যান গত ১২.১০.২০১১ তারিখে অনুষ্ঠিত স্ট্র্যাটিং কমিটি'র সভায় অনুমোদিত হয়। অনুমোদিত অপারেশনাল প্ল্যান এর মোট প্রাক্কলিত ব্যয় ৮৭৯০৪.০০ লক্ষ টাকা এর মধ্যে জিওবি ২০০১৫.০০ লক্ষ ও প্রকল্প সাহায্য ৬৭৮৮৯.০০ লক্ষ টাকা এবং বাস্তবায়ন মেয়াদ জুলাই ২০১১ হতে জুন ২০১৬ পর্যন্ত।



৯. অপারেশন প্লানের বছরওয়ারী ব্যয় প্রাক্কলনঃ

(লক্ষ টাকা)

সাল	মোট	জিওবি	প্রকল্প সাহায্য
২০১১-২০১২	১৬০০০.২০	৩৭০০.০০	১২৩০০.২০
২০১২-২০১৩	১৬৫৭৭.২৪	৪০০০.০০	১২৫৭৭.২৪
২০১৩-২০১৪	১৬৬৩২.০৫	৪৭০০.০০	১১৯৩২.০৫
২০১৪-২০১৫	২২৯৯৪.৫১	৪৪১৫.০০	১৮৫৭৯.৫১
২০১৫-২০১৬	১৫৭০০.০০	৩২০০.০০	১২৫০০.০০

১০. অংগ ভিত্তিক অগ্রগতিঃ

(লক্ষ টাকা)

ক্র নং	অংগের নাম	প্রাক্কলিত ব্যয়	জুন/২০১৫ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি		চলতি ২০১৫-১৬ অর্থ বছরে লক্ষ্যমাত্রা		চলতি অর্থ বছরে ডিসেম্বর মাস পর্যন্ত অগ্রগতি	
			আর্থিক	বাস্তব (%)	আর্থিক	বাস্তব (%)	আর্থিক	বাস্তব (%)
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
১.	DDS Kits	২৪১৬৬.৩৭	২৪১৬৬.৩৭	৩৯.২২	-	-	-	-
২.	Drugs & MSR	২৫০২৫.০০	২৯৯.৯৭	১৬.৫০	১০৭৬০.০০	২১.১৩	-	-
৩.	FWC kits	৫৫.১৯	-	-	২৭.৫০	০.০৪	-	-
৪.	MCH Kits	৫৫.১৯	-	-	২৭.৫০	০.০৪	-	-
৫.	Delivery Kits	১০৮৯.১৫	৭২২.২১	০.৫৪	২৮০.০০	০.৭৩	-	-
৬.	BP Machine	১৬১.৫৫	১০৯.৩৪	০.১৮	৪৫.০০	০.১০	-	-
৭.	Stethoscope	১০৪.৮৯	৬১.৯৪	০.১২	৩৫.০০	০.০৮	-	-
৮.	Uristix	৮.১০	-	-	৮.০০	-	-	-
৯.	Lancet & Talquest Book	১০.০০	-	-	৬.০০	-	-	-
১০.	IYCF and MNP Suppl.	৬৭২.০০	৩২৮.০০	০.২৮	৫০.০০	-	-	-
১১.	Tab. Misoprotal	৫৯৭.৫০	২৫৬.৫০	০.৪১	২১০.০০	০.৬৫	-	-
১২.	MR Kits	৪৭৫.১১	৩৬৬.৯৯	০.৫৯	৮৫.০০	০.৩১	-	-
১৩.	MVA Kit	২৩৪.৯০	৬৫.৫২	০.১৮	৩৫.০০	০.২৯	-	-
১৪.	ARH Drugs	২৩৯১.২১	২০৩৫.৫৩	০.৫৬	৩০৫.০০	০.৯৮	-	-
১৫.	ECP	১৯২.৯৮	১১২.৯৮	০.০৮	৬৫.০০	০.১০	-	-
১৬.	MRM	৩০.০০	-	-	২৫.০০	-	-	-
১৭.	Fellowship & Oves. Training	৩৮৭.৪৪	৪২৯.৩৪	০.৭১	৮০.০০	০.৩৬	-	-
১৮.	EOC Training	৪০.০০	-	-	৫০.০০	-	১৮.০০	-
১৯.	EOC Training for FWVs	২৩৪.৪৮	৮৫.০৪	০.১৩	৫০.০০	০.২৩	২১.৯৮	-
২০.	Training Midwifery	৩২০.১৫	১০৯.৮৪	০.২০	১০০.০০	০.২৬	-	-
২১.	ASRH & IYCF Training	২০৮.০০	১৫০.০০	-	৮.০০	-	-	-
২২.	New Intervention Training	১৭৫.০০	-	-	৩.০০	-	-	-
২৩.	Refreshers Training	৮০.০০	৫৫.০০	০.০৩	১০.০০	-	-	-
২৪.	MCH Training	১০০.০০	-	-	৪.০০	-	-	-
২৫.	Training on Tab. Misoprotal	৩৯১.৭৪	২২৮.৯৪	-	২৫.০০	-	-	-
২৬.	ToT	২৬০.০০	১৫০.০০	-	২১.০০	-	-	-
২৭.	Workshop	৫৫৩.০০	১৮৫.০০	০.১১	৩৫.০০	-	-	-
২৮.	Research/Survey	-	-	-	-	-	-	-
২৯.	AFHS Center	৫১০.৮৫	৪২৯.১৫	০.৪৬	১৬.০০	০.১৮	-	-
৩০.	Web Page	১৭.৭০	-	-	৬.০০	-	-	-
৩১.	Consultancy	২২৫১.১৩	২০১৭.০০	-	২৮৮.০০	-	৩৪২.৩৮	-
৩২.	TA	-	-	-	-	-	-	-
৩৩.	পরিচালন ও রক্ষণাবেক্ষণ	১৯৩১.৬৩	১৩১৫.৭৬	-	-	-	-	-

৩৪.	DAAR	-	-	-	-	-	-	-
৩৫.	বেতন ও ভাতা	৫৬৭.২৪	৪১২.৯৮	০.২৩	১৬০.০০	০.১৯	৭০.৪৬	০.১৯
৩৬.	প্রচার ও বিজ্ঞাপন	২৪০.৬৩	৪১.৬২	-	৮.০০	-	৫.৭৫	-
৩৭.	ক্রিনিং	৩৪৯.১০	২৬৬.৫০	০.৩৮	৮০.০০	০.২১	৩৮.৮০	০.১৬
৩৮.	সিকিউরিটি গার্ড	৬৬৮.৯২	২৯০.৩৯	০.২৪	১৮০.০০	০.২৩	৪৭.৯৮	০.১৮
৩৯.	স্টেশনারী	১৭৫.১৩	১২২.১২	-	৪০.০০	-	২০.৫২	-
৪০.	Support for Normal Delivery	৩২৮১.২৯	২১৪১.৭৬	-	১০৫০.০০	-	৭২৩.২৭	-
৪১.	পেট্রোল ও লুব্রিক্যান্ট	১৪৪৭.১২	৯৬১.১০	-	২৮০.০০	-	১০৭.৩০	-
৪২.	ট্যাক্স	২১৮.২১	১৫৫.৩৮	-	৬৫.০০	-	১.১৬	-
৪৩.	প্রিন্টিং	১৩৪২.৩২	৯৭২.৯৯	১.০৫	২৬০.০০	০.৬৫	৬৭.৪০	০.৪৫
৪৪.	রক্ষণাবেক্ষণ	১০২০.১৮	৭৬৩.২৬	-	২৩৭.০০	-	২৭১.০৪	-
৪৫.	মেরামত	৯০২.৯৫	৫৩১.৮৩	-	৬০.০০	-	৩৫.৯৫	-
৪৬.	যন্ত্রপাতি	১৩৭২.৭৫	৮৪৭.১১	-	১৬০.০০	-	৩৪.৪২	-
৪৭.	মটরগাড়ী	৫৮৮.৫৮	৩৭৮.৫৬	০.৩৭	১০৫.০০	০.৩১	-	-
৪৮.	মেডিক্যাল ইকুইপমেন্ট	১০২.৬৮	৭৭.৮৪	০.১৪	-	-	-	-
৪৯.	আসবাবপত্র	১৫১.১০	১৮৪.৭৬	-	৩০০.০০	-	৬.৩৮	-
৫০.	কম্পিউটার	৬৩.০৩	৫১.৮৪	০.০৫	১০.০০	০.০৩	২.০০	০.০২
৫১.	টিউবওয়েল	৬.৯৯	৪.৯৯	-	২.০০	-	-	-
৫২.	টেলিকমিউনিকেশন	৪.৭৮	১.৭৮	-	২.০০	-	-	-
৫৩.	ইলেক্ট্রিক্যাল ইকুইপমেন্ট	৩৫.৪৮	২৯.৬১	-	১০.০০	-	৮.১৩	-
৫৪.	অন্যান্য ব্যয়	২৪৬.২৪	২৩১.২৩	-	৩১.০০	-	৫.০৬	-
	মোট	৭৫৫১৫.০০	৪২১৪৮.০৭	৬২.৭৬	১৫৭০০.০০	২৭.১০	১৮২৭.১৮	১.০০

১১. পরিদর্শিত এলাকাঃ নেত্রকোণা জেলার সদর উপজেলার মা ও শিশু কল্যাণ কেন্দ্র।

১২. প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ

নাম ও পদবী	মেয়াদকাল	মন্তব্য
জনাব ডাঃ মোহাম্মদ শরীফ, পরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর	শুরু জুলাই ২০১১ সমাপ্ত অদ্যাবধি	-


১৩. অপারেশনাল প্লান পরিদর্শনঃ

গত ২৪.০১.২০১৬ তারিখে আইএমইডি কর্তৃক অপারেশনাল প্লানের আওতাধীন নেত্রকোণা জেলার সদর উপজেলার মা ও শিশু কল্যাণ কেন্দ্র পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে জেলার পরিবার পরিকল্পনা কর্মকর্তা উপ-পরিচালক জনাব গোলাম আযম ও কেন্দ্রের তত্ত্বাবধায়ক স্বাস্থ্য কর্মকর্তা জনাব ডাঃ আবুল কাইয়ুম আনোয়ারসহ অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। পরিদর্শনকালে তারা তথ্যাদি সরবরাহ এবং সামগ্রিকভাবে সহযোগিতা প্রদান করেন। তবে, প্রকল্প পরিচালকের কার্যালয় হতে তথ্যাদি চাওয়া হলেও যথযথাভাবে সঠিক তথ্যাদি না পাওয়ায় প্রতিবেদন প্রণয়নে সমস্যার সম্মুখীন হতে হয়েছে।

১৪. পরিদর্শন পর্যবেক্ষণঃ


আলোচ্য অপারেশনাল প্লানের মূল কার্যক্রম পরিবার পরিকল্পনা অধিদপ্তরের অন্যান্য অপারেশনাল প্লানের সাথে সম্পৃক্ত। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নাধীন স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচীর আওতায় ৩২টি অপারেশনাল প্লানের ৭টি অপারেশনাল প্লান পরিবার পরিকল্পনা অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন রয়েছে। অপারেশনাল প্লানের মূল কার্যক্রমগুলোর মধ্যে রয়েছেঃ (১) মাতৃত্বকালীন স্বাস্থ্য সেবা প্রদান; (২) প্রজনন স্বাস্থ্য সেবা প্রদান; (৩) কিশোরীদের স্বাস্থ্য সেবা প্রদান; (৪) নবজাতক ও শিশু স্বাস্থ্য সেবা প্রদান; (৫) পুষ্টি সেবা প্রদান; (৬) প্রশিক্ষণ প্রদান; (৭) ঔষধ ও আনুষঙ্গিক ক্রয় এবং (৭) সেবা কেন্দ্রের মেরামত ও রক্ষণাবেক্ষণ ইত্যাদি।





চিত্র-১, ২: নেত্রকোণা মা ও শিশু কল্যাণ কেন্দ্রের বর্তমান অবস্থা।

পরিদর্শনকালে দেখা গেছে কেন্দ্রে ২০টি বেডের সংস্থান থাকার কথা থাকলেও ৫/৭টি অতি পুরাতন বেড রয়েছে এবং এগুলোতে রোগী/সেবাগ্রহীতার সংখ্যা খুবই কম। অপারেশনাল প্ল্যানের আওতায় সংস্থানকৃত কার্যক্রমের কোনটিই তেমনভাবে গোচরীভূত হয়নি। ভবনটির বর্তমান অবস্থাও অত্যন্ত জরাজীর্ণ। কেন্দ্রে বর্তমানে এনেস্থেশিয়ার ডাক্তার না থাকায় সিজারিয়ান সেবা প্রদান করা হচ্ছে না। সংরক্ষিত রেজিস্ট্রার পরীক্ষা করে দেখা গেছে দৈনিক গড়ে ১২/১৫ জন রোগী কেন্দ্রে আসেন, কিন্তু প্রয়োজনীয় ঔষুধসহ অন্যান্য প্রয়োজনীয় সেবা পাচ্ছেন না। কেবলমাত্র সীমিত পরিসরে ইমারজেন্সী ও জন্মবিরতিকরণ সেবা প্রদান করা হয়ে থাকে। কেন্দ্রের স্টোরের দায়িত্বরত কর্মকর্তা জানান যে, সরবরাহকৃত ঔষুধ দিয়ে মাসে ১০দিন সেবা প্রদান করা সম্ভব হয়, অবশিষ্ট সময়ের জন্য প্রয়োজনীয় ঔষুধ সেবা গ্রহীতাকে বাইরে থেকে ক্রয় করতে হয়। পরিদর্শিত মা ও শিশু কল্যাণ কেন্দ্রে অপারেশন থিয়েটার চালু নেই এবং এর জন্য প্রয়োজনীয় জনবলও নেই। পুরাতন ভবনে স্বাস্থ্য সেবা কার্যক্রম পরিচালিত হচ্ছে যা অত্যন্ত পুরনো ও ভগ্নাবস্থায় রয়েছে। জেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও কেন্দ্রের স্বাস্থ্য কর্মকর্তা কেউই আলোচ্য অপারেশন প্ল্যানের বিষয়ে সুস্পষ্টভাবে অবহিত নন। লাইন ডিরেক্টর বা তার দপ্তর হতে কোন সময় এ বিষয়ে যোগাযোগও করা হয় না মর্মে জানিয়েছেন। কেন্দ্রের মূল ভবনকে বর্ধিত করা হয়েছে এবং অনেকগুলো মূল্যবান মেডিকেল ইকুইপমেন্ট প্যাকেট আকারে রাখা হয়েছে, তবে ভবন ও ইকুইপমেন্ট ব্যবহার করা হচ্ছে না। সংশ্লিষ্ট কর্মকর্তা জানিয়েছেন তাদেরকে কোন দিকনির্দেশনা প্রদান না করার কারণে ভবন ও যন্ত্রপাতি দীর্ঘদিন যাবৎ অব্যবহৃত রয়েছে। জেলার দায়িত্বরত কর্মকর্তার সাথে আলোচনাকালে জানা গেছে যে, বর্তমানে কেন্দ্রে দায়িত্বরত তত্ত্বাবধায় ও প্রধান ভিজিটর এর যোগসাজশে কেন্দ্রের সিজারিয়ান কার্যক্রমসহ অন্যান্য সেবা প্রদান বন্ধ রাখা হয়েছে। স্বাস্থ্য কর্মকর্তা কেন্দ্রের পাশে বেসরকারী মেডিকেল সেন্টারে সিজারিয়ান সেবা প্রদান করেন এবং প্রধান ভিজিটর সংশ্লিষ্ট সেবা প্রার্থীদের নিকট থেকে অর্থের বিনিময়ে ঔষুধ ও সেবা প্রদান করেন।



চিত্র-৩, ৪: মা ও শিশু কল্যাণ কেন্দ্রের স্টোর ও প্রসূতি সেবা প্রদান কক্ষ।

১৫. বাস্তবায়ন সমস্যাঃ

১৫.১ মাঠপর্যায়ের সাথে বাস্তবায়নকারী সংস্থা ও লাইন ডিরেক্টর কার্যালয়ের সমন্বয়হীনতাঃ

অপারেশনাল প্ল্যানের আওতায় মাঠ পর্যায়ের মা ও শিশু কল্যাণ কেন্দ্রের কর্মকর্তাগণের মধ্যে সুষ্ঠু সমন্বয় না থাকায় এর উদ্দেশ্য ব্যাহত হচ্ছে। পরিদর্শিত নেত্রকোণা জেলার মা ও শিশু কল্যাণ কেন্দ্রের তত্ত্বাবধায়ক স্বাস্থ্য কর্মকর্তা জনাব ডাঃ আবুল কাইয়ুম আনোয়ার জানান যে, “Maternal, Child, Reproductive and Adolescent Health” শীর্ষক অপারেশনাল প্ল্যানের লাইন ডিরেক্টরের কার্যালয়ের কোন কর্মকর্তা তাদের সাথে কোন যোগাযোগ করেন না। এমনকি

(Handwritten signature)

- পরিবার পরিকল্পনা অধিদপ্তরের মাধ্যমে মাঝে মাঝে কিছু যন্ত্রপাতি ও স্বাস্থ্য উপকরণ জেলা মা ও শিশু কল্যাণ কেন্দ্রে প্রেরণ করা হলেও দীর্ঘদিন যাবৎ এর ব্যবহার সংক্রান্ত কোন নির্দেশনা না দেয়ায় এগুলো ব্যবহার করা সম্ভব হচ্ছে না। ফলে অপারেশনাল প্ল্যানের আওতায় সরবরাহকৃত যন্ত্রপাতি যেমন ব্যবহৃত হচ্ছে না তিক তেমনি প্রত্যাশিত স্বাস্থ্য সেবা কার্যক্রমও ব্যাহত হচ্ছে।
- ১৫.২ অপারেশনাল প্লানের আওতায় সেবাদানকারী সংস্থার চাহিদা মোতাবেক প্রয়োজনীয় খাত ও অর্থের সংস্থান না থাকাঃ
প্রকৃত সেবাদানকারী সংস্থার (মা ও শিশু কল্যাণ কেন্দ্র) চাহিদা বিবেচনায় না এনে অপারেশনাল প্লানের কার্যক্রম পরিচালিত হওয়ায় প্রকৃত স্বাস্থ্য সেবা নিশ্চিত করা যাচ্ছে না মর্মে পরিদর্শনকালে প্রতীয়মান হয়েছে। সংশ্লিষ্ট কর্মকর্তাগণ জানান যে, তাদের নিকট সরাসরি প্রয়োজনীয় পরিচালনা ব্যয় সংক্রান্ত বাজেট বরাদ্দ প্রেরণ না করায় তারা তাদের প্রয়োজন মোতাবেক কার্যক্রম পরিচালনা করতে পারছেন না। স্থানীয় পর্যায়ের প্রকৃত সেবা দানকারী সংস্থা কর্তৃক চাহিদা মোতাবেক সেবা প্রত্যাশী মানুষের স্বাস্থ্য উপকরণ সরবরাহ করতে না পারায় সরকারী পর্যায়ে প্রদত্ত সেবা হতে সাধারণ মানুষ বঞ্চিত হচ্ছে।
- ১৫.৩ স্থানীয় পর্যায়ে পরিকল্পনা (Local Level Planning) প্রণয়নের সমস্যাঃ
স্থানীয় পর্যায়ে বিশেষ করে স্বাস্থ্য সেবা প্রদানকারী ইউনিটসমূহে অপারেশনাল প্লানের কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের কোন কর্মপরিকল্পনা না থাকায় সেবা প্রদানকারীগণ নির্দিষ্ট কোন নীতি অনুসরণ করছেন না। এতে করে কি পরিমাণ কার্যক্রম সম্পাদিত হচ্ছে বা আদৌ কোন কার্যক্রম পরিচালিত হচ্ছে কিনা তা পরিমাপ/যাচাই করা সম্ভব নয়। এক্ষেত্রে লাইন ডিরেক্টরের কার্যালয়ের পাশাপাশি জেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা কর্তৃক মা ও শিশু কল্যাণ কেন্দ্রের তত্ত্বাবধায়ক/ইউনিয়ন পর্যায়ে সঠিক কোন দিকনির্দেশনা প্রদান না করায় অপারেশনাল প্লানের কার্যক্রম সঠিকভাবে পরিচালিত হচ্ছে না মর্মে প্রতীয়মান হয়েছে।
- ১৫.৪ সুষ্ঠু তদারকির (Supervision) অভাবঃ
পরিবার পরিকল্পনা অধিদপ্তরের আওতায় অপারেশনাল প্লানের কার্যক্রম পরিচালিত হলেও পরিবার পরিকল্পনা অধিদপ্তর/লাইন ডিরেক্টর/জেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা কর্তৃক সুষ্ঠু তদারকী ব্যবস্থা না থাকায় পরিকল্পিত কার্যক্রম সঠিকভাবে পরিচালিত হচ্ছে না। সুষ্ঠু তদারকীর অভাবে নেত্রকোণা মা ও শিশু কল্যাণ কেন্দ্রের নতুন বর্ধিত ভবন, সরবরাহকৃত যন্ত্রপাতি ও নিয়োজিত জনবলের সঠিক ব্যবহার নিশ্চিত করে প্রত্যাশিত স্বাস্থ্য সেবা প্রদান করা হচ্ছে না। বিশেষ করে মা ও শিশু কল্যাণ কেন্দ্র পর্যায়ে স্বাস্থ্য সেবা খাতে মূল দায়িত্ব পালনকারী কেন্দ্রের তত্ত্বাবধায়ক স্বাস্থ্য কর্মকর্তার অবহেলার কারণে এ ধরনের পরিস্থিতির সৃষ্টি হয়েছে মর্মে প্রতীয়মান হয়েছে। কেননা নেত্রকোণা জেলার মা ও শিশু কল্যাণ কেন্দ্রের তত্ত্বাবধায়ক স্বাস্থ্য কর্মকর্তা জনাব ডাঃ আবুল কাইয়ুম আনোয়ার মা ও শিশু কল্যাণ কেন্দ্র পর্যায়ের স্বাস্থ্য সেবা এবং কেন্দ্র রক্ষণাবেক্ষণ সম্পর্কে প্রশাসনিক ও পরিচালনা সংক্রান্ত সুস্পষ্ট কোন ধারণা প্রদান করতে পারেননি।
- ১৫.৫ সঠিকভাবে তথ্য সংরক্ষণ ও সরবরাহ করা হচ্ছে নাঃ
অপারেশনাল প্লানের পরিচালনা ও ব্যয় সংক্রান্ত তথ্যাদি সঠিকভাবে সংরক্ষণ ও নির্দেশনা মোতাবেক কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হচ্ছে না মর্মে প্রতীয়মান হয়েছে। স্থানীয় সেবা কেন্দ্রের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ অপারেশন প্ল্যান সম্পর্কে যথাযথভাবে অবহিত না থাকার কারণে এ ধরনের প্রতিবন্ধকতা তৈরী হচ্ছে। প্রতি মাসের বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত তথ্যাদি নির্ধারিত সময়ের মধ্যে আইএমই বিভাগে প্রেরণের নির্দেশনা থাকলেও লাইন ডিরেক্টরের কার্যালয়ের সাথে বার বার যোগাযোগ করেও এ সংক্রান্ত তথ্যাদি সঠিকভাবে পাওয়া যায়নি। ফলে প্রতিবেদন প্রণয়নে প্রতিবন্ধকতার সম্মুখীন হতে হয়েছে। এছাড়া, সঠিক তথ্যপ্রবাহের অভাবে জেলা/উপজেলা/ইউনিয়ন সেবা কেন্দ্রের সাথে লাইন ডিরেক্টরের কার্যালয়ের সুষ্ঠু যোগাযোগ স্থাপিত হচ্ছে না যা অপারেশন প্লানের সামগ্রিক বাস্তবায়ন কার্যক্রম ব্যাহত করছে।
- ১৫.৬ মা ও শিশু কল্যাণ কেন্দ্রের জনবলের সেবা প্রদানে অবহেলাঃ
পরিদর্শিত নেত্রকোণা জেলা মা ও শিশু কল্যাণ কেন্দ্রে কর্মরত জনবলের দায়িত্ব অবহেলার কারণে কেন্দ্রের স্বাভাবিক স্বাস্থ্য সেবার পাশাপাশি অপারেশন প্লানের মাধ্যমে পরিকল্পিত কার্যক্রম বিঘ্নিত হচ্ছে। দায়িত্বরত তত্ত্বাবধায়ক ও প্রধান ভিজিটর এর অবহেলার কারণেই মূলত কেন্দ্রের সিজারিয়ান কার্যক্রম বন্ধ রয়েছে বলে জানা গেছে। তাছাড়া, আগত সেবা প্রার্থীদের নিকট থেকে অনৈতিকভাবে অর্থ দাবী করে সেবা প্রদানের বিষয়ে জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের মাধ্যমে জানা গেছে। সেবা কেন্দ্রের সাথে যোগাযোগ না করে অধিদপ্তর পর্যায় হতে ঘনঘন কর্মকর্তা/কর্মচারী বদলী করার কারণে নির্ধারিত সেবা কার্যক্রম ব্যাহত হচ্ছে। মা ও শিশু কল্যাণ কেন্দ্রের নির্ধারিত দায়িত্ব পালন না করে বেসরকারী স্বাস্থ্য সেবা কেন্দ্রে কর্মকর্তা কর্মচারীগণ অর্থের বিনিময়ে সেবা প্রদান করেন এবং আগত সেবা প্রার্থীদের অনাকাঙ্ক্ষিতভাবে বেসরকারী কেন্দ্রে সেবা গ্রহণে বাধ্য করার বিষয়েও পরিদর্শনকালে জানা গেছে।

১৬. আইএমইডি'র সুপারিশঃ

- ১৬.১ অপারেশনাল প্লানের মাধ্যমে সেবা প্রদানকারী সংস্থা/কেন্দ্রের চাহিদাভিত্তিক কার্যক্রম পরিবার পরিকল্পনা অধিদপ্তরের অধীনে বাস্তবায়িত সংশ্লিষ্ট অপারেশনাল প্লানে প্রতিফলন করে বাস্তবায়ন করা প্রয়োজন।
- ১৬.২ নেত্রকোণা জেলার মা ও শিশু কল্যাণ কেন্দ্রের মাধ্যমে কার্যকর স্বাস্থ্য সেবা নিশ্চিত করার বিষয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্তৃক ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ১৬.৩ পরিবার পরিকল্পনা অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন অপারেশনাল প্লানের কার্যক্রম মনিটরিং এর ক্ষেত্রে আইএমইডি বিভাগের কর্মকর্তাগণকে লাইন ডিরেক্টর ও সংশ্লিষ্ট প্রকল্প এলাকার দায়িত্বরত কর্মকর্তাগণ কর্তৃক প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের বিষয়টি নিশ্চিতকরণে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে।
- ১৬.৪ অপারেশন প্লানের অগ্রগতি সম্পর্কিত তথ্যাদি যথাযথভাবে (আইএমইডি/০৫ ও আইএমইডি/০৩ ছকে) নিয়মিতভাবে প্রশাসনিক মন্ত্রণালয়ের মাধ্যমে আইএমইডিতে প্রেরণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ১৬.৫ অপারেশন প্লানের আওতায় যেসমস্ত কার্যক্রম এখনও বাস্তবায়ন করা হয়নি সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা প্রণয়ন করে এর আলোকে সেগুলো দ্রুত বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করতে হবে।
- ১৬.৬ নেত্রকোণা জেলার মা ও শিশু কল্যাণ কেন্দ্রে সিজারিয়ান সেবাসহ প্রসূতি/প্রজনন/নবজাতক/শিশু/কিশোরী স্বাস্থ্য সেবা প্রদানে কেন্দ্রের তত্ত্বাবধায়ক ও স্টাফদের সরকারী নির্দেশনার আলোকে দায়িত্ব পালনে তৎপর হওয়ার জন্য স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ও পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্তৃক পদক্ষেপ গ্রহণ করতে হবে।
- ১৬.৭ আইএমইডি'র উপরোক্ত সুপারিশের আলোকে গৃহীত ব্যবস্থা আগামী ০১ (এক) মাসের মধ্যে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন (আইএমই) বিভাগ কে অবহিত করতে হবে।


(মোহাম্মদ আরিফুর রহমান)
উপ-পরিচালক